



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/9/2021

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল নথিবহির্ভূত অভিবাসীদের তাদের অভিবাসন অবস্থা রিপোর্ট হওয়ার
হুমকি থেকে রক্ষা করতে আইন স্বাক্ষর করেছেন

**আইনটি (S.343-A/A.3412-A) অন্য কোনো ব্যক্তির অভিবাসন অবস্থা রিপোর্ট করার
হুমকি প্রদানকারী ব্যক্তির বিরুদ্ধে অন্যায্য দাবি বা বলপ্রয়োগের আইনি মানদণ্ড প্রয়োগ
করবে**

গভর্নর ক্যাথি হোকল আজকে (S.343-A/A.3412-A) আইনটি স্বাক্ষর করেছেন যা কোনো ব্যক্তির
অভিবাসন অবস্থা রিপোর্ট করার বিশেষ কিছু হুমকিকে নিউ ইয়র্কের আইনের অধীনে অন্যায্য
দাবি বা বলপ্রয়োগ হিসেবে শ্রেণিবিন্যাস করে। বর্তমানে কোনো ব্যক্তির অভিবাসন অবস্থা
রিপোর্ট করার হুমকিকে শ্রম পাচার ও যৌন পাচারমূলক ঘটনার ক্ষেত্রে অপরাধ হিসেবে গণ্য
করা যাবে, কিন্তু পূর্বে এটিকে সম্ভাব্য অন্যায্য দাবি বা বলপ্রয়োগ অপরাধ হিসেবে বিবেচনা করা
হয়নি।

"নিউ ইয়র্ক বহু প্রজন্মের অভিবাসীদের কঠোর পরিশ্রম ও সঙ্কল্পের মাধ্যমে গড়ে উঠেছে, এবং
যে মানুষগুলি নিজেদের ও তাদের পরিবারের জন্য উন্নততর জীবন গড়ার চেষ্টা করছে,
আমাদেরকে তাদের সাহায্য করতে হবে," **গভর্নর হোকল বলেন।** "আইনটি অভিবাসন অবস্থার
কারণে অন্যায্য দাবি বা বল প্রয়োগকারী খারাপ পক্ষ থেকে থেকে নিউ ইয়র্কবাসীকে সুরক্ষিত
রাখবে, এবং নিচ হুমকি ও ভীতিপ্রদর্শন থেকে আমাদের স্টেটকে আরো নিরাপদ করবে।"

বিলটির ফলে প্রসিকিউশন এখন শ্রম বা যৌন পাচারের সাথে সংশ্লিষ্ট না হলেও কোনো ব্যক্তিকে
ডিপোর্টেশন প্রক্রিয়া শুরু করার হুমকি দিয়ে ব্ল্যাকমেইল করার জন্য প্রসিকিউট করতে পারবে।
ক্যালিফোর্নিয়া, কলোরাডো, ম্যারিল্যান্ড এবং ভার্জিনিয়াতেও একই ধরনের ব্যবস্থা প্রণীত হয়েছে
এবং এই আইনটি দ্য পাবলিক লিডারশিপ ইনস্টিটিউটের (The Public Leadership Institute)
সুপারিশকৃত "প্রিভেন্ট এক্সটার্শন অফ ইমিগ্র্যান্টস অ্যাক্ট (Prevent Extortion of Immigrants
Act)" শীর্ষক মডেল আইনের ভিত্তিতে লেখা হয়েছে।

সিনেটর আনা এম. কাপলান বলেন, "নিজের দেশের বিপদ থেকে পালানো নথি বহির্ভূত
একজন অভিবাসীর জন্য, ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্টে (Immigration and
Customs Enforcement, ICE) রিপোর্টেড হওয়া মৃত্যুদণ্ডের সামিল, কিন্তু দুঃখজনকভাবে অনেক
বেশি সংখ্যক মানুষ আমাদের এই বেশি দুর্বল প্রতিবেশীদের প্রতি কোনোভাবে অন্যায্য দাবি
করার জন্য তাদের অভিবাসন অবস্থার হুমকি প্রদান করার মাধ্যমে তাদের থেকে সুবিধা নিতে

চায়। বহুদিন আগে হওয়া উচিত ছিল এমন এই ব্যবস্থা প্রণীত করে, আমরা অন্যায় দাবি ও বলপ্রয়োগ সংক্রান্ত আইন উন্নত করছি যাতে এটি নিশ্চিত করা যায় যে অভিবাসী নিউ ইয়র্কবাসীরা এমন নিচ হুমকির জন্য দুর্বল হয়ে থাকবে না। আমি এই সমস্যা সমাধানে তার অংশীদারিত্বের জন্য অ্যাসেম্বলিমেম্বার সোলাজেসের প্রতি এবং আমাদের সম্প্রদায়সমূহকে নিরাপদ ও সুরক্ষিত রাখা নিশ্চিত করার জন্য গভর্নর হোকলের প্রতি অত্যন্ত কৃতজ্ঞ।"

অ্যাসেম্বলিমেম্বার মিশেল সি. সোলাজেস বলেন, "নথিবহির্ভূত নিউ ইয়র্কবাসীদের, যারা সম্ভবত আমাদের স্টেটের সবথেকে দুর্বল বাসিন্দা, সুরক্ষা প্রদানে নিউ ইয়র্কের চলমান প্রচেষ্টার ক্ষেত্রে আইনটি একটি নতুন সূচনা করলো। এই অতি জরুরি সংশোধনকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই, এটি নিউ ইয়র্কের নথিবহির্ভূত অভিবাসীদের অন্যায় দাবি ও বলপ্রয়োগ থেকে রক্ষা করবে। নিজের পরিবারের খাদ্য সংস্থান করা এবং তাদের সন্তানদের আরো ভালো জীবন প্রদানে প্রচেষ্টারত নিউ ইয়র্কবাসীর জন্য অবাধ ডিপোর্টেশনের হুমকি খুবই ক্ষতিকর, এবং আমরা আজকে এবং সর্বদা তাদের পাশে থাকবো।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবক্লাইব করুন](#)